



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৮

তারিখ: ০৮.০৮.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবির শিক্ষক-কর্মকর্তা ক্লাব উদ্বোধন ও ইফতার মাহফিল

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা ক্লাবের উদ্বোধন ও ইফতার মাহফিল গতকাল ৩ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্লাব ভবনটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপত্তি করেন শিক্ষক-কর্মকর্তা ক্লাবের সহসভাপতি মো. শফিউল আজম। অতিথি হিসেবে আরও উপস্থিতি ছিলেন শিক্ষক-কর্মকর্তা ক্লাবের সাধারণ সম্পাদক দীপঙ্কর কুন্ড।



অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, আমাদের সারাদিনের ক্লান্তিকে লাঘব করার জন্য ক্লাব সহায়ক ভূমিকা পালন করবে। এর মাধ্যমে সবার সাথে স্বত্যতা বাঢ়বে। সবাই মিলে আমাদের একসাথে কাজ করে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দণ্ডর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৮

উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান বলেন, পবিত্র মাহে রমজানের মাধ্যমে আমাদের মানবিক ও মূল্যবোধের শিক্ষা গ্রহণ করতে হবে। সকল সীমাবদ্ধতার মধ্য থেকেও আমাদের দেশ ও জাতির জন্য ভালোকিত্ব করতে হবে।



অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, রেজিস্ট্রার, প্রষ্টর, ছাত্র উপদেষ্টা দণ্ডের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, সকল শিক্ষক-কর্মকর্তা অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়